



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/7/2023

গভর্নর ক্যাথি হোকল

## দেশব্যাপী গর্ভপাত আরো সীমিত করার লক্ষ্যে ফেডারেল আদালতের সিদ্ধান্তের ব্যাপারে গভর্নর ক্যাথি হোকলের বিবৃতি

"মাইফপ্রিস্টোনের (Mifepristone) উপলভ্যতা সীমিত করার লক্ষ্যে ফেডারেল আদালতের একটি রায় দেখে আমি আতঙ্কিত হয়েছি, এটি গর্ভপাতের জন্য নিরাপদ ও কার্যকর একটি ওষুধ যা দুই দশকের বেশি সময় পূর্বে খাদ্য ও ওষুধ প্রশাসন (Food and Drug Administration, FDA) কর্তৃক অনুমোদিত হওয়ার পর, পাঁচ মিলিয়নের বেশি মানুষ দ্বারা ব্যবহৃত হয়েছে। নজিরবিহীন এই রায় শুধু FDA এর প্রমাণভিত্তিক বিজ্ঞানসম্মত অনুমোদন প্রক্রিয়াকে অগ্রাহ্য করে না, বরং এটি ওষুধ নিয়ে রাজনীতি করার একটি নতুন দরজা উদ্বোধন জনকভাবে খুলে দেয়।

আমি খুব স্পষ্টভাবে বলতে চাই: আজকের রায় নির্বিশেষে, নিউ ইয়র্কে গর্ভপাত পাওয়ার সুযোগ ও সেবা উপলভ্যই থাকবে। সেবার প্রয়োজন যেকোনো ব্যক্তিকে আমাদের স্টেট সাদরে স্বাগত জানাবে। পাশাপাশি, সেবার ক্ষেত্রে আরো লঙ্ঘন প্রতিরোধ করার সমাধান প্রদান করার জন্য আমরা ফেডারেল সরকার, গভর্নরগণ, এবং দেশজুড়ে অংশীদারদের সাথে কাজ করছি। এছাড়াও আমি বর্তমান বাজেট আলোচনার সময়ে মিসোপ্রোস্টলসহ অন্যান্য ওষুধের দ্বারা গর্ভপাতকে সুরক্ষিত করতে পদক্ষেপ বিবেচনা করার জন্যও আইনসভাকে আহ্বান করেছি।

গত বছর ফাঁস হওয়া রো বদলে ফেলার সুপ্রিম কোর্টের (Supreme Court) সিদ্ধান্তের পরবর্তীতে, ক্লিনিকের সেবা পাওয়ার সুযোগ সংরক্ষিত করতে আমরা সক্রিয় পদক্ষেপ গ্রহণ করেছি, যার মধ্যে রয়েছে স্টেটজুড়ে গর্ভপাত প্রদানকারীদের সমর্থন করার জন্য দেশের শীর্ষ 35 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ, এবং গর্ভপাত প্রদানকারী ও তাদের রোগীদেরকে সুরক্ষিত রাখার জন্য একটি সার্বিক বিধিমালায় প্যাকেজে স্বাক্ষর করা। পাশাপাশি, মেডিকেইড (Medicaid) ব্যয় পূরণের হার বৃদ্ধির এবং সেবাদানকারীদের সমর্থনের জন্য 25 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করার, এবং ফার্মাসিস্টদের জন্মনিয়ন্ত্রণ প্রেসক্রাইব করা, ডেটা গোপনীয়তা সুরক্ষা বাস্তবায়ন, এবং নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি (State University of New York System, SUNY) ও নিউ ইয়র্ক সিটি ইউনিভার্সিটি (City University of New York, CUNY) ক্যাম্পাসসমূহে গর্ভপাত পাওয়ার সুযোগ সম্প্রসারিত করার জন্য আমি আমার প্রস্তাবিত 2024 অর্থবছরের নির্বাহী বাজেটে প্রস্তাব করেছি।

আজকের রায় আবারো প্রমাণ করলো যে চরমপন্থীরা কেবল গর্ভপাতের অধিকার ছিনিয়ে নিয়ে থামবে না। বরং, তারা দেশব্যাপী প্রজনন স্বাস্থ্যসেবা সম্পূর্ণভাবে চূর্ণ করার জন্য আমেরিকানদের ব্যাপক সংখ্যাগরিষ্ঠের মতের বিরুদ্ধে সক্রিয়ভাবে কাজ করছে। গর্ভপাতের অধিকার সংরক্ষিত থাকবে এবং গর্ভপাত নিরাপদ ও সহজলভ্য হবে, নিউ ইয়র্ককে এমন একটি নিরাপদ আশ্রয় হিসেবে নিশ্চিত করতে আমি নির্ভীক ও অপ্রতিহতভাবে লড়াই চালিয়ে যাবো।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)